

'সহজভাবে শেখাবে সহজপাঠ বিদ্যালয়'

নিজস্ব প্রতিবেদক •

শিশুরা আনন্দের সঙ্গে সহজভাবে শিখবে। থাকবে না পরীক্ষার চাপ। হবে শিশুর সর্বাঙ্গীণ বিকাশ। এমন এক প্রত্যয় ও পরিকল্পনা নিয়ে ঢাকায় শুরু হচ্ছে ব্যতিক্রমধর্মী শিক্ষাপ্রতিষ্ঠান সহজপাঠ বিদ্যালয়।

কবি ও প্রাবন্ধিক আবুল মোমেনের নেতৃত্বে ঢাকার লালমাটিয়ায় প্রতিষ্ঠিত এই বিদ্যালয়টিতে আগামী জানুয়ারিতে ক্লাস শুরু হবে। গতকাল শনিবার বাংলা একাডেমিতে অনুষ্ঠিত হলো এর পরিচয়পর্ব অনুষ্ঠান। এতে শিক্ষাবিদ, শিক্ষানুরাগী থেকে শুরু করে বিভিন্ন পর্যায়ের ব্যক্তির উপস্থিতি ছিলেন।

অনুষ্ঠানে যোগ দিয়ে ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান বলেন, 'তথ্যগতভাবে শিক্ষা সম্পর্কে আমরা যা বলি, প্রায়োগিক ক্ষেত্রে সেটা দেখতে পাই না। আমরা বলি শিক্ষার সঙ্গে আনন্দের যোগ হবে, শিক্ষার সঙ্গে সংস্কৃতির যোগ হবে। কিন্তু আমরা উল্টো পথে হাঁটছি।' সহজপাঠ বিদ্যালয় যে উদ্দেশ্য সামনে রেখেছে, তার সফলতা কামনা করেন তিনি।

ভারতের রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক পবিত্র সরকার বলেন, সহজপাঠ, কিন্তু পথ কঠিন। তবে কঠিন পাঠকে বিভাড়িত করতে হলে, যে কাজগুলো করা দরকার তারা (সহজপাঠ কর্তৃপক্ষ) তা জানে। কলকাতাতেও এ ধরনের কিছু বিদ্যালয় হয়েছিল। কিন্তু দেখা গেছে,



বাংলা একাডেমিতে গতকাল সহজপাঠ নামের বিদ্যালয়ের পরিচয়পর্ব অনুষ্ঠানে বক্তব্য দেন ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান • ছবি: প্রথম আলো

কিছুদিন পরে তারা পুরোনো ধাঁচে ফিরে গেছে—ওই জেলখানা ধরনের, একেবারে বাধা ছকে শিক্ষার মধ্যে ফিরে গেছে। তবু কোথাও কোথাও টিকে আছে।

অনুষ্ঠানে বক্তৃতার মাঝে মাঝে ছিল শিশুদের পরিবেশনায় নানা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান।

প্রচলিত শিক্ষাব্যবস্থার সমালোচনা করেন মানবাধিকারকর্মী সুলতানা কামাল। তিনি বলেন, 'আমরা বলি শিশুরা জাতির ভবিষ্যৎ, কিন্তু তাদের বর্তমানকে হত্যা করে তাদের কাছ থেকে ভবিষ্যৎ আদায় করে নিতে চাই।' আমাদের শিক্ষাব্যবস্থা এখন

সেখানেই চলে গেছে।'

স্বাগত বক্তৃতায় সহজপাঠ বিদ্যালয়ের উদ্যোক্তা আবুল মোমেন বর্তমান প্রথাগত শিক্ষার সমালোচনা করে বলেন, শৈশবে শিশুদের জন্য রাখা হয়েছে সেই সব বিদ্যালয়, যেটি কারাগারের মতো। স্কুলকে ছাপিয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে কোচিং সেন্টার, পাঠ্যবইয়ের চেয়ে গুরুত্বপূর্ণ হয়ে উঠছে নোট বই, শিক্ষার চেয়ে গুরুত্বপূর্ণ হয়ে উঠছে পরীক্ষা। এই চক্রের মধ্যে পড়ে শিশুর যে আরও অনেক ক্ষুধা ও চাহিদা আছে, সেগুলোর কথা সমাজ স্মরণ করে না। অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন

বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান, প্রধান তথ্য কমিশনার অধ্যাপক গোলাম রহমান, শিক্ষাবিদ অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, স্থপতি মোবাস্বের হোসেন, সাংবাদিক নেতা মনজুরুল আহসান বুলবুল, বিদ্যালয়টির অধ্যক্ষ মোমেনা বেগম, চট্টগ্রামের ফুলকি বিদ্যালয়ের অধ্যক্ষ শীলা মোমেন প্রমুখ।

বিদ্যালয়টির উদ্যোক্তারা জানান, এই বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক থেকে শুরু করে নবম শ্রেণি পর্যন্ত পড়ানো হবে। বিদ্যালয়টি অনেকটা নালন্দা ও চট্টগ্রামের ফুলকি বিদ্যালয়ের মতো হবে।

(Handwritten signature)